# তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলানগর, ঢাকা- ১২০৭
ফ্যাক্সঃ ৯১১০৬৩৮
www.infocom.gov.bd


স্মারক নং- ১৫.৫১.০০০০.৫০১.১৫.০০২(৪).১৮- ৫৮৬

২৩ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ
তারিখ -----------------------
০৭ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

## পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য কমিশনের রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত শূন্য পদের বিপরীতে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| ক্র.নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫) | পদের সংখ্যা | বয়সসীমা | প্রয়োজনীয় যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|---|
| ০১ | প্রোগ্রামার<br>গ্রেড- ৬<br>টাকা ৩৫,৫০০-৬৭,০১০/- | ০১(এক) টি | ২৭- ৩৫ বৎসর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী নির্ধারিত নিম্নলিখিত যোগ্যতাঃ<br>ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এণ্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এণ্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এণ্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রণি বা সমমানের সিজিপিএসহ ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>খ) কোনো সরকারি/স্বায়ত্বশাসিত/আধাস্বায়ত্বশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/ সহকারি প্রোগ্রামার/ সহকারি রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যূন ৪(চার) বৎসরের চাকুরী; এবং<br>গ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | - |
| ০২ | সহকারী পরিচালক<br>গ্রেড- ৯<br>টাকা ২২,০০০-৫৩০৬০/- | ০১(এক) টি | ১৮- ৩০ বৎসর | ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ৪ বছর মেয়াদী ন্যূনতম ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী, তবে তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহার সম্পর্কে অভিজ্ঞতাসম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। | - |
| ০৩ | ব্যক্তিগত কর্মকর্তা<br>গ্রেড- ১০<br>টাকা ১৬,০০০-৩৮৬৪০/- | ০১(এক) টি | ১৮- ৩০ বৎসর | ২য় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী, তবে তথ্য প্রযুক্তি ও কম্পিউটার ব্যবহার সম্পর্কে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। | - |
| ০৪ | কম্পিউটার অপারেটর<br>গ্রেড- ১৩<br>টাকা ১১,০০০-২৬৫৯০/- | ০১(এক) টি | ১৮- ৩০ বৎসর | সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী নির্ধারিত নিম্নলিখিত যোগ্যতাঃ<br>ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; এবং<br>খ) উক্ত বিধিমালার তফসিল- ২ এ উল্লিখিত পরীক্ষায় উত্তীর্ণ | |
| ০৫ | উচ্চমান- সহকারী<br>গ্রেড- ১৪<br>টাকা ১০,২০০-২৪৬৮০/- | ০১(এক) টি | ১৮- ৩০ বৎসর | স্নাতক বা সমমানের ডিগ্রীসহ কম্পিউটার প্রশিক্ষণের সার্টিফিকেট প্রাপ্ত। | ঢাকা, মানিকগঞ্জ, মাদারীপুর,পাবনা, কিশোরগঞ্জ, বগুড়া, গাইবান্ধা, নওগাঁ, নোয়াখালী, কুমিল্লা, ভোলা, খুলনা, হবিগঞ্জ |
| ০৬ | সহকারী হিসাব রক্ষক<br>গ্রেড- ১৪<br>টাকা ১০,২০০-২৪৬৮০/- | ০১(এক) টি | ১৮- ৩০ বৎসর | বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী এবং হিসাবরক্ষণ কাজে অভিজ্ঞতা। | ঐ |
| ০৭ | পিএ কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড- ১৬<br>টাকা ৯,৩০০-২২৪৯০/- | ০১(এক) টি | ১৮- ৩০ বৎসর | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার প্রশিক্ষণের সার্টিফিকেটসহ বাংলা ও ইংরেজী কম্পিউটার টাইপে প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ২৫ শব্দের গতি। | ঐ |

| ক্র.নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫) | পদের সংখ্যা | বয়সসীমা | প্রয়োজনীয় যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|---|
| ০৮ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড- ১৬<br>টাকা ৯,৩০০-২২৪৯০/- | ০৩(তিন) টি | ১৮- ৩০ বৎসর | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার প্রশিক্ষণের সার্টিফিকেটসহ বাংলা ও ইংরেজী কম্পিউটার টাইপে প্রতি মিনিটে যথাক্রমে ১৫ ও ২০ শব্দের গতি। | ঐ |

**শর্তাবলী ঃ-**

০১। আবেদনকারীকে তথ্য কমিশনের নির্ধারিত ফরম অনুযায়ী কম্পিউটারে কম্পোজ করে প্রার্থীর স্বাক্ষরসহ আবেদনপত্র প্রেরণ করতে হবে। আবেদন ফরমের নমুনা তথ্য কমিশনের ওয়েব সাইট www.infocom.gov.bd এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mopa.gov.bd তে পাওয়া যাবে।

০২। প্রার্থীর বয়স ৩১/০৭/২০১৯ তারিখে ১নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩৫ বছর এবং ১নং ব্যতীত অন্যান্য ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৩। আবেদনপত্রের সাথে ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সদ্য তোলা সত্যায়িত ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।

০৪। আবেদনপত্রের সাথে পরীক্ষার ফি বাবদ সচিব, তথ্য কমিশন এর অনুকূলে ক্রমিক ০১ থেকে ০৩ পর্যন্ত পদের প্রার্থীকে ৩০০/- টাকা মূল্যের এবং ক্রমিক ০৪ থেকে ০৮ পর্যন্ত পদের প্রার্থীকে ১০০/- টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৫। প্রার্থীর পত্র যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক অব্যবহৃত ১০/-(দশ) টাকা মূল্যমানের ডাকটিকিটযুক্ত ৪.৫″/১০″ সাইজের ১টি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

০৬। খামের উপরে বাম পার্শ্বে প্রার্থীর পদের নাম, নিজ জেলার নাম এবং কোন কোটায় আবেদন করা হয়েছে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। প্রার্থীর কোন সনদ বা প্রমাণপত্রের অনুলিপি আবেদনের সাথে সংযুক্ত করার প্রয়োজন নেই। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় আবেদনে উল্লিখিত সকল তথ্য প্রমাণের জন্য সনদ বা প্রমাণ পত্রের মূল কপি ও একসেট অনুলিপি (১ম শ্রেণীর সরকারী গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) সাথে আনতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও কার্যালয় সম্বলিত সীল থাকতে হবে।

০৮। আবেদনকারীকে প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, ঢাকা- ১২০৭ বরাবর আবেদন করতে হবে।

০৯। আগামী **৩১/০৭/২০১৯** খ্রিঃ তারিখ বিকেল ৫.০০ টার মধ্যে প্রার্থীর নিজ স্বাক্ষরযুক্ত আবেদনপত্র প্রধান তথ্য কমিশনার বরাবর, তথ্য কমিশন, প্রত্নতত্ত্ব ভবন (তৃতীয় তলা), এফ-৪/এ,আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

১০। কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের অগ্রীম কপি গ্রহণযোগ্য হবে না।

১১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। এ নিয়োগে বিধি মোতাবেক সকল কোটা পূরণ করা হবে।

১২। প্রার্থী প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমানিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে তার আবেদন/পরীক্ষা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। ফলাফল তথ্য কমিশনের ওয়েব সাইট www.infocom.gov.bd তে প্রকাশ করা হবে।

১৪। প্রার্থীদেরকে নিয়োগ সংক্রান্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।

১৫। **তথ্য কমিশনের স্মারক নং১৫.৫১.০০০০.৫০১.১৫.০০২(৩-কমিটি).১৭-৫৭৮৬; তারিখ ১৩ এপ্রিল ২০১৭ মূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

১৬। কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষ যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৭.০৭.২০১৯

(মোঃ তৌফিকুল আলম)
সচিব
তথ্য কমিশন